গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

মুজিব শতবর্ষ

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক, (গ্রেড-১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ১৮/০৫/২০২১ ও ০১/০৬/২০২১
সময় : সকাল ৯:৩০ ঘটিকা
স্থান : হোপ কনফারেন্স হল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

আলোচ্য বিষয়:

১. জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রদানের নিমিত্ত কর্মকর্তা/কর্মচারী মনোনয়ন।
২. জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর খসড়া পর্যালোচনা।
৩. বিবিধ।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভার প্রেক্ষাপট বর্ণনা করে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০২০-২০২১) অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের উপর গুরুত্বারোপ করেন। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ধারাবাহিকভাবে সভার আলোচ্য বিষয়গুলি উপস্থাপনের জন্য জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসারকে আহবান করেন।

সভার আলোচ্য বিষয়াবলী নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রদানের নিমিত্ত কর্মকর্তা/ কর্মচারী মনোয়ন। | ২। জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা; ২০১৭ এর আলোকে চলতি অর্থ বছরের জন্য গ্রেডভিত্তিক কর্মকর্তা/কর্মচারী বাছাই করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। মাঠ পর্যায় থেকে কর্মকর্তা/কর্মচারী বাছাই করে বিভাগীয় উপপরিচালকগণ ইতোমধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করেছেন। এছাড়া কর্মকর্তাদের পুরস্কার প্রদানের নিমিত্ত বাজেটে পর্যাপ্ত অর্থের সংস্থান রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। মহাপরিচালক কর্মকর্তা/কর্মচারী বাছাইয়ে যেন নীতিমালার কোনরূপ ব্যত্যয় না ঘটে সে বিষয়টি নিশ্চিত করতে কমিটিকে অনুরোধ করেন। শুদ্ধাচার পুরস্কারের জন্য বিভাগীয় উপপরিচালকগণ হতে প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা সভায় নিবিড়ভাবে পর্যালোচনা করা হয়। কমিটির সদস্যগন মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সূচক অনুসরণপূর্বক সর্ব্বোচ্চ নম্বরপ্রাপ্ত নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীগণকে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষে তাদেরকে পুরস্কার প্রদানের বিষয়ে মতামত প্রদান করেন।<br>নির্বাচিত কর্মকর্ত/কর্মচারীগণের তালিকা নিম্নরূপ: | সর্ব্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্ত/কর্মচারীগণকে চলতি অর্থ বছরে (২০২০-২০২১) শুদ্ধাচার চর্চায় অসামান্য অবদান রাখায় পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কর্মকর্তা/কর্মচারীগণের নামে একটি অফিস আদেশ প্রদান করে ওয়েব সাইটে প্রকাশ এবং তাঁদেরকে একটি সনদপত্র ও এক মাসের বেসিককের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অর্থ) |

| ক্ষেত্র | গ্রেড | নাম, পদবি, ও কর্মস্থল |
|---|---|---|
| অধিদপ্তর পর্যায়ের কর্মচারী | গ্রেড ০১ হতে গ্রেড ১০ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মো: বাহারুল ইসলাম উপপরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা |
| | গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মো: এমাম হোসেন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, সাধারণ প্রশাসন শাখা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা |
| মাঠ পর্যায়ের বিভাগীয় কার্যালয় হতে। | প্রতিষ্ঠান প্রধানদের মধ্যে হতে ০১ জন কর্মচারী | জনাব মো: আনোয়ার হোসেন, বিভাগীয় উপপরিচালক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ |
| বিভাগীয় পর্যায়সমূহে | গ্রেড ৩ হতে গ্রেড ১০ ভুক্ত ০১ জন কর্মচারী | জনাব মো: সাইফুল ইসলাম, শিক্ষা অফিসার (এডিপিইও) |

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২০২০- ১৪২/৪০

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮ / ৩ জুন, ২০২১

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি বিবরণ :

১। পরিচালক (সকল)/ প্রকল্প পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।

২। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা ।

৪। জনাব------------------------------------------------------------------------------------।

৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৯। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের

৫। অফিস কপি ।

০৩/০৬/২১

মীর্জা মো: হাসান খসরু

উপপরিচালক (সংস্থাপন)